

সোনালী ব্যাংক লিমিটেড  
আন্তর্জাতিক বাণিজ্য অর্থায়ন বিভাগ  
প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখঃ ০২ এপ্রিল, ২০১৩

প্রধান কার্যালয় পরিপত্র নং ৪৬২  
নং-আইটিএফডি/রপ্তানী/আইবিপি/ ২০১৩

জেনারেল ম্যানেজার/  
ডেপুটি জেনারেল ম্যানেজার/  
সকল জেনারেল ম্যানেজার্স অফিস/  
স্থানীয় কার্যালয়/প্রধান কার্যালয়ের সকল বিভাগ/  
প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/  
কর্পোরেট শাখা/ স্টাফ কলেজ/ট্রেনিং ইন্সটিটিউট/  
সোনালী ব্যাংক লিমিটেড  
বাংলাদেশ।

বিষয় : অভ্যন্তরীণ এলসির বিপরীতে প্রাপ্ত বিল নেগোসিয়েশন/ক্রয় {Inland Bill Purchase (IBP)} সংক্রান্ত বিদ্যমান নীতিমালা সংশোধন এবং ব্যবসায়িক ঋণমঞ্জুরী ক্ষমতা পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে পরিচালনা পর্ষদের ১১ মার্চ ২০১৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ২৮৯ সভায় অভ্যন্তরীণ এলসির বিপরীতে প্রাপ্ত বিল নেগোসিয়েশন/ক্রয় {Inland Bill Purchase (IBP)} সংক্রান্ত বিদ্যমান প্রধান কার্যালয় পরিপত্র নং - ৬৬ তারিখ ২৯ ফেব্রুয়ারী, ২০১২ এবং আইটিএফডি /রপ্তানী/আইবিপি/৩৩১ এর কতিপয় সংশোধনী পূর্বক নির্বাহীদের ব্যবসায়িক ঋণমঞ্জুরী ক্ষমতা পুনর্নির্ধারণ করা হয়েছে যা নিম্নরূপ :

০১. বিদ্যমান ইস্তহারের ক্রমিক নং- '১৪ এ - বর্ণিত " গ্রুপভুক্ত প্রতিষ্ঠানসমূহের পরস্পরের ওপর Draw করা ইনল্যান্ড বিল ক্রয় করা যাবে না " শর্তটির পরিবর্তে নিম্নোক্ত শর্ত সন্নিবেশিত হবে :-
- "গ্রুপভুক্ত প্রতিষ্ঠানসমূহের পরস্পরের ওপর Draw করা ইনল্যান্ড বিল এর বিপরীতে IBP মঞ্জুর করা যাবে না। তবে বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ যদি অত্র ব্যাংকের অর্থায়নে প্রতিষ্ঠিত শিল্প কারখানা হয়ে থাকে সে ক্ষেত্রে ব্যাংক ঋণ আদায়ের স্বার্থে সমস্ত নিয়মাচার পরিপালন এবং গ্রুপের অপর কোন প্রতিষ্ঠানের নিকট বিল উপস্থাপনকারী প্রতিষ্ঠানের কোন মেয়াদোত্তীর্ণ IBP দায় না থাকা সাপেক্ষে IBP মঞ্জুর করা যাবে।"
০২. অভ্যন্তরীণ বিল ক্রয় সংক্রান্ত নির্বাহীদের ব্যবসায়িক মঞ্জুরী ক্ষমতা নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো :


(কোটি টাকায়)


ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও			ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর			জেনারেল ম্যানেজার (আইটিএফডি, প্রধান কার্যালয়)		
ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং/ সমবায় সমিতি	পাবলিক লিমিটেড কোং	সরকারী/আধা- সরকারী/স্বায়ত্ব- শাসিত /রপ্তায়ত্ব সংস্থা	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং/ সমবায় সমিতি	পাবলিক লিমিটেড কোং	সরকারী/আধা- সরকারী/স্বায়ত্ব- শাসিত /রপ্তায়ত্ব সংস্থা	ব্যক্তি/ফার্ম/ প্রাইভেট লিঃ কোং/ সমবায় সমিতি	পাবলিক লিমিটেড কোং	সরকারী/আধা- সরকারী/স্বায়ত্ব- শাসিত /রপ্তায়ত্ব সংস্থা
যেকোন পরিমাণ	যে কোন পরিমাণ	যে কোন পরিমাণ	৫০.০০	৭৫.০০	যে কোন পরিমাণ	৩০.০০	৪০.০০	৫০.০০

তবে উপরোক্ত ঋণ মঞ্জুরী ক্ষমতা শুধুমাত্র সোনালী ব্যাংক লিমিটেড, আন্তর্জাতিক বাণিজ্য অর্থায়ন বিভাগ এর দায়িত্বপ্রাপ্ত ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর এবং জেনারেল ম্যানেজার প্রয়োগ করবেন। তাদের ব্যবসায়িক ক্ষমতায় মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ সাপ্তাহিক ভিত্তিতে ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইওকে অবহিত করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নীতিমালা পরিপালন পূর্বক ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

  
( কে, এম, ওয়াহেদুল হক সজল )  
এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

  
( মেজবাহউদ্দিন আহমেদ )  
ডেপুটি জেনারেল ম্যানেজার